তারিখ 12 JUL 1996
পৃষ্ঠা ৮ ... কলাম ২

আজকের কাগজ

### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালিত

# ক্যাম্পাসে চরম উত্তেজনা ছাত্রদল নেতা প্রহৃত

চট্টগ্রাম অফিস ঃ গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিবিরের সন্ত্রাসী ঘটনার প্রতিবাদে ছাত্রলীগের আহবানে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত হয়। ধর্মঘট চলাকালে ক্যাম্পাসে কোনো যানবাহন চলেনি, কোনো ক্লাস হয়নি, একাডেমিক কর্মকাণ্ড বন্ধ ছিলো। এদিকে প্রশাসনিক ভবনের সামনে একজন ভর্তিচ্ছু ছাত্রকে শিবির ক্যাডাররা হামলা করে আহত করেছে। ছাত্রদল তাকে বাঁশখালী থানা ছাত্রদল সভাপতি লিয়াকত বলে দাবি করেছে। বর্তমানে ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছে।

আমাদের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি জানান, ধর্মঘট চলাকালে ছাত্রলীগ, ছাত্রদল ও শিবির পৃথক পৃথক সমাবেশ ও বিক্ষোভ মিছিলের আয়োজন করে, ছাত্রলীগ সভাপতি শাহজানের সভপতিত্বে ক্যাম্পাসে ছাত্রলীগের এক বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে বক্তারা মঙ্গলবারের ঘটনায় জড়িত সন্ত্রাসিদের গ্রেফতার এবং বহিষ্কারের দাবি জানান এবং গত বুধবার দিবাগত রাতে ক্যাম্পাসে দু'দফায় গোলাগুলি করে ভীতিকর পরিবেশ সৃষ্টি, বিভিন্ন কটেজ থেকে নিরীহ ছাত্রদের বের করে দেয়াসহ আজ একজন ভর্তিচ্ছু ছাত্রকে বেদম মারধরের তীব্র নিন্দা জানান। সভায়

এরপর ২—এর পাতায়

### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে

শেষের পাতার পর

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, সংগঠনের সাঃ সম্পাদক মোঃ কলিম, মাহফুজুল হক খোকন, আকরাম খান, আঃ ফঃ ম. ছালেহ, রেজাউল করিম উজ্জ্বল প্রমুখ।

এদিকে জাতীয়তাবাদী ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার জরুরি সভা ছাত্রদল সভাপতি মাহাবুবুর রহমান শামীমের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা বাঁশখালী থানা ছাত্রদল সভাপতি লিয়াকত আলীকে শিবিরের চিহ্নিত সন্ত্রাসী গোষ্ঠী কর্তৃক হামলা এবং ইতিপূর্বে ভিসি অফিস ভাঙচুর, পূর্বকোণ সংবাদদাতাকে লাঞ্ছিত করার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেন এবং অপরাধিদের গ্রেফতার ও শাস্তি দাবি করেন।